


## বাদামি গাছফড়িং ও সাদা-পিঠ গাছফড়িং দমনে আশু করণীয়

চলতি ২০১৬ রোপা আমন মৌসুমে দেশের উত্তরাঞ্চলের কয়েকটি জেলায় বাদামি ও সাদা-পিঠ গাছফড়িং এর আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে, এতে ‘হপারবার্ণ’ বা ‘ফড়িংপোড়া’ এর সৃষ্টি হতে পারে। ফলে ধানের ফলনে ক্ষতির সম্ভাবনা রয়েছে। ক্ষতিকর এসব পোকা আলোক ফাঁদে আকৃষ্ট করে অনেকাংশে নিয়ন্ত্রণ করা যায়। এছাড়াও চাষী ভাইয়েরা নিম্নলিখিত পদ্ধতিগুলো আশু অবলম্বন করতে পারেন।

- আক্রান্ত জমির পানি বের করে শুকিয়ে ফেলুন।
- এক হাত অন্তর অন্তর ধান গাছ দু’দিকে একটু হেলে দিয়ে পর্যাপ্ত আলো প্রবেশের ব্যবস্থা করুন।
- ক্ষেতের অধিকাংশ গাছে ০৪টি পূর্ণবয়স্ক স্ত্রী (পেট মোটা) পোকা বা ১০টি বাচ্চা পোকা দেখা দিলে কীটনাশক (যেমন, মিপসিন ৭৫ ডব্লিউপি, প্লিনাম ৫০ ডব্লিউজি, একতারা ২৫ ডব্লিউডি, এডমায়ার ২০ এসএল, সানমেস্টিন ১.৮ ইসি, এসাটাফ ৭৫ এসপি, প্লাটিনাম ২০ এসপি অথবা অনুমোদিত কীটনাশক) বোতলে বা প্যাকেটে উল্লিখিত মাত্রায় ধান গাছের গোড়ায় প্রয়োগ করুন।
- শতকরা ৮০ ভাগ ধান পেকে গেলে, ধান কেটে ফেলুন।

  
27.10.16

(ড. শেখ শামিউল হক)

সিএসও (অ:দা:) এবং প্রধান

কীটতত্ত্ব বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর।